# জাতীয় বিশ্ববিদ্যালয়
## বাংলাদেশ

# ১ম বর্ষ স্নাতক (পাস) প্রোগ্রামে ভর্তি নির্দেশিকা

## শিক্ষাবর্ষ: ২০২৪-২০২৫

**ভর্তি বিষয়ক ওয়েবসাইট: www.nu.ac.bd/admissions**

**তিন বছর মেয়াদী স্নাতক (পাস) কোর্সসমূহ**

- ► ব্যাচেলর অব আর্টস [বিএ (পাস)]
- ► ব্যাচেলর অব সায়েন্স [বিএসসি (পাস)]
- ► ব্যাচেলর অব মিউজিক [বি মিউজিক (পাস)]
- ► বিশেষায়িত গার্হস্থ্য অর্থনীতি (পাস)
- ► ব্যাচেলর অব সোশ্যাল সায়েন্স [বিএসএস (পাস)]
- ► ব্যাচেলর অব বিজ্‌নেস স্টাডিজ [বিবিএস (পাস)]
- ► ব্যাচেলর অব স্পোর্টস [বি স্পোর্টস (পাস)]

## সাধারণ নির্দেশনা

ক) জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত কলেজসমূহে ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (পাস) ভর্তি কার্যক্রমে অনলাইন প্রাথমিক আবেদন ১৬ সেপ্টেম্বর বিকাল ৪টা থেকে শুরু হয়ে ১৫ অক্টোবর ২০২৫ তারিখ রাত ১২টা পর্যন্ত চলবে। আগ্রহী প্রার্থীকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইট থেকে আবেদন ফরম পূরণ করে প্রিন্ট নিতে হবে এবং উক্ত ফরমসহ প্রাথমিক আবেদন ফি বাবদ ৪০০/- (চারশত) টাকা সংশ্লিষ্ট কলেজে (কলেজ কর্তৃক নির্ধারিত মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে অথবা সরাসরি) ১৯ অক্টোবর ২০২৫ তারিখের মধ্যে অবশ্যই জমা দিতে হবে। এ শিক্ষা কার্যক্রমে ভর্তিকৃত শিক্ষার্থীদের ক্লাস ১৩ নভেম্বর ২০২৫ তারিখ থেকে শুরু হবে।

খ) ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (পাস) ভর্তি কার্যক্রমে আবেদনকারীদের **SSC** ও **HSC** পরীক্ষার ফলাফলের ভিত্তিতে প্রতিটি কলেজের জন্য আলাদাভাবে মেধা তালিকা প্রণয়ন করে কোর্স বরাদ্দ দেয়া হবে।

গ) এ ভর্তি কার্যক্রমের বিস্তারিত সময়সূচি ও মেধা তালিকা জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইটের মাধ্যমে জানা যাবে। **SMS (nu<space>atdg<space>roll no** টাইপ করে **16222** নম্বরে **send** করতে হবে**)** এর মাধ্যমে আবেদনকারীরা শুধুমাত্র মেধা তালিকায় স্থান পেয়েছে কিনা তা জানতে পারবে।

ঘ) প্রাথমিক আবেদন ফরমে কোন আবেদনকারীর ছবি/কোন তথ্য ভুল অথবা অসম্পূর্ণ বলে প্রমাণিত হলে ঐ আবেদনকারীর ভর্তি ও রেজিস্ট্রেশন বাতিল বলে গণ্য হবে।

ঙ) জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০২২-২০২৩ অথবা ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান), স্নাতক (সম্মান) প্রফেশনাল ও স্নাতক (পাস) নিয়মিত/প্রাইভেট কোর্সে প্রোগ্রামে ভর্তি হওয়ার পর রেজিস্ট্রেশন কার্ড ইস্যু হয়ে থাকলে সে সকল শিক্ষার্থী ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (পাস) প্রোগ্রামে ভর্তি হতে পারবে না। তবে এ সকল শিক্ষার্থী নির্ধারিত সময়ের মধ্যে পূর্ববর্তী শিক্ষাবর্ষের ভর্তি বাতিলপূর্বক ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (পাস) প্রোগ্রামে ভর্তি হতে পারবে।

চ) একই শিক্ষাবর্ষে অথবা দুটি ভিন্ন শিক্ষাবর্ষে কোন শিক্ষার্থী স্নাতক (সম্মান), স্নাতক (সম্মান) প্রফেশনাল অথবা স্নাতক (পাস) নিয়মিত/প্রাইভেট প্রোগ্রামে দ্বৈত ভর্তি হলে তার উভয় ভর্তি ও রেজিস্ট্রেশন বাতিল বলে গণ্য হবে।

১। মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পর্যায়ে মানবিক/বিজ্ঞান/ব্যবসায় শিক্ষা শাখা থেকে উত্তীর্ণ শিক্ষার্থীদের ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (পাস) ভর্তি কার্যক্রমে আবেদনের ন্যূনতম যোগ্যতা

ক) আবেদনের যোগ্যতা

| ক্রমিক | SSC ও সমমান পরীক্ষায় ন্যূনতম যোগ্যতা | | | HSC ও সমমান পরীক্ষায় ন্যূনতম যোগ্যতা | | |
|---|---|---|---|---|---|---|
| | পরীক্ষার নাম | পাসের সন | ন্যূনতম যোগ্যতা | পরীক্ষার নাম | পাসের সন | ন্যূনতম যোগ্যতা |
| ১) | SSC ও সমমান (সকল শাখা) | ২০২০/২০২১/২০২২ | SSC/সমমান পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। | HSC ও সমমান (সকল শাখা)<br>• বাংলাদেশ কারিগরি শিক্ষাবোর্ড থেকে শুধুমাত্র HSC (ভোকেশনাল), HSC (বিজনেস্ ম্যানেজমেন্ট এন্ড টেকনোলজি) ও ডিপ্লোমা-ইন-কমার্স শাখার শিক্ষার্থীরা আবেদন করতে পারবে। | ২০২২/২০২৩/২০২৪ | HSC/ সমমান পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। |

খ) ২০২০/২০২১/২০২২ সালের O-Level পরীক্ষায় তিনটি বিষয়ে 'বি' গ্রেডসহ অন্তত চারটি বিষয়ে উত্তীর্ণ এবং ২০২২/২০২৩/২০২৪ সালের A-Level পরীক্ষায় একটি বিষয়ে 'বি' গ্রেডসহ অন্তত দুইটি বিষয়ে উত্তীর্ণ শিক্ষার্থীরা এ ভর্তি কার্যক্রমে অন্যান্য শর্তপূরণ সাপেক্ষে আবেদন করতে পারবে। এ সকল শিক্ষার্থী অনলাইনে আবেদন না করে নির্ধারিত সময়ের মধ্যে ডিন, স্নাতকপূর্ব শিক্ষা বিষয়ক স্কুল, জাতীয় বিশ্ববিদ্যালয় বরাবর সরাসরি/ইমেইল এ্যাড্রেসে (*degpassnu@gmail.com*) আবেদন পত্র প্রেরণ করবে। সাদা কাগজে লিখিত আবেদন পত্রে আবেদনকারীর নাম, পিতা-মাতার নাম, ভর্তিচ্ছু কোর্সের নাম, প্রতিষ্ঠানের নাম ও নিবন্ধিত ব্যক্তিগত মোবাইল নম্বর উল্লেখ করতে হবে। উল্লেখ্য যে, ভর্তিচ্ছু কোর্সটি সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে অধিভুক্ত থাকতে হবে। এছাড়া আবেদন পত্রের সঙ্গে আবেদনকারীর O-Level ও A-Level পরীক্ষার ট্রান্সক্রিপ্ট ও পাসপোর্ট সাইজের দুই কপি সত্যায়িত ছবি সংযুক্ত করতে হবে।

গ) বিদেশী সার্টিফিকেটধারী শিক্ষার্থীদের (বাংলাদেশের নাগরিক হতে হবে) ক্ষেত্রে বাংলাদেশ-এ স্বীকৃত যে কোন শিক্ষা বোর্ড কর্তৃক তাদের অর্জিত মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পর্যায়ের নম্বরপত্রের সমতা নিরূপণ করা হলে তারাও এ ভর্তি কার্যক্রমে অনুচ্ছেদ-১ এর 'ক' নং শর্তপূরণ সাপেক্ষে আবেদন করতে পারবে। এ সকল শিক্ষার্থী অনলাইনে আবেদন না করে নির্ধারিত সময়ের মধ্যে ডিন, স্নাতকপূর্ব শিক্ষা বিষয়ক স্কুল, জাতীয় বিশ্ববিদ্যালয় বরাবর সরাসরি/ইমেইল এ্যাড্রেসে (*degpassnu@gmail.com*) আবেদন পত্র প্রেরণ করবে। সাদা কাগজে লিখিত আবেদন পত্রে আবেদনকারীর নাম, পিতা-মাতার নাম, ভর্তিচ্ছু কোর্সের নাম, প্রতিষ্ঠানের নাম ও নিবন্ধিত ব্যক্তিগত মোবাইল নম্বর উল্লেখ করতে হবে। উল্লেখ্য যে, ভর্তিচ্ছু কোর্সটি সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে অধিভুক্ত থাকতে হবে। এছাড়া আবেদন পত্রের সঙ্গে আবেদনকারীর সকল পরীক্ষার ট্রান্সক্রিপ্ট, বোর্ড কর্তৃক সমতা নিরূপনের কপি ও পাসপোর্ট সাইজের দুই কপি সত্যায়িত ছবি সংযুক্ত করতে হবে।

ঘ) আবেদনকারী উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষায় যে শাখা থেকে উত্তীর্ণ হয়েছে তাকে সেই শাখার জন্য নির্ধারিত প্রাথমিক আবেদন ফরম পূরণ করতে হবে। উচ্চ মাধ্যমিক পরীক্ষায় গার্হস্থ্য অর্থনীতি শাখা থেকে উত্তীর্ণ শিক্ষার্থীদের মানবিক শাখার আবেদন ফরম পূরণ করতে হবে।

২। ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে স্নাতক (পাস) ভর্তি কার্যক্রমে কোর্সভিত্তিক (আবশ্যিক ও নৈর্বাচনিক) বিষয়সমূহ ও আসন বন্টন

| স্নাতক (পাস) কোর্সসমূহ | আবশ্যিক বিষয়সমূহ | নৈর্বাচনিক বিষয়সমূহ | উচ্চ মাধ্যমিক/সমমান পর্যায়ে বিজ্ঞান, মানবিক ও ব্যবসায় শিক্ষা শাখার জন্য আসন বন্টন (শতকরা হারে) |
|---|---|---|---|
| ক) বিএ (পাস) | ১) স্বাধীন বাংলাদেশের অভ্যুদয়ের ইতিহাস (১ম বর্ষ)<br>২) বাংলা জাতীয় ভাষা (২য় বর্ষ)<br>৩) ইংরেজি (৩য় বর্ষ) | নিম্নে প্রদত্ত গুচ্ছসমূহের যে কোন তিনটি গুচ্ছ থেকে একটি করে মোট ০৩ (তিনটি) বিষয় নির্বাচন করতে হবে। কোন গুচ্ছ থেকে একাধিক বিষয় নির্বাচন করা যাবে না।<br>ক গুচ্ছ- বাংলা(ঐচ্ছিক)/ইংরেজি(ঐচ্ছিক)/ সংস্কৃত/আরবী/পালি/ড্রামা এন্ড মিডিয়া স্টাডিজ<br>খ গুচ্ছ- ইতিহাস/ইসলামের ইতিহাস ও সংস্কৃতি<br>গ গুচ্ছ- গার্হস্থ্য অর্থনীতি/দর্শন/ভূগোল ও পরিবেশ/ গ্রন্থাগার ও তথ্য বিজ্ঞান<br>ঘ গুচ্ছ- অর্থনীতি/রাষ্ট্রবিজ্ঞান/সমাজবিজ্ঞান /সমাজকর্ম<br>ঙ গুচ্ছ- মনোবিজ্ঞান/ইসলামী শিক্ষা/ গণিত/পরিসংখ্যান | মানবিক শাখা → ৬০%<br>বিজ্ঞান শাখা → ২০%<br>ব্যবসায় শিক্ষা শাখা → ২০%<br>► মেধা তালিকা দেয়ার পরও যদি কোর্সভিত্তিক আসন শূন্য থাকে সেক্ষেত্রে মানবিক, বিজ্ঞান ও ব্যবসায় শিক্ষা শাখার জন্য নির্ধারিত আসন বন্টনের শতকরা হার রহিত করে রিলিজ স্লিপের ফলাফল প্রকাশ করা হবে। |

| | | | |
|---|---|---|---|
| খ) বিএসএস (পাস) | ১) স্বাধীন বাংলাদেশের অভ্যুদয়ের ইতিহাস (১ম বর্ষ)<br>২) বাংলা জাতীয় ভাষা (২য় বর্ষ)<br>৩) ইংরেজি (৩য় বর্ষ) | ক গুচ্ছ থেকে ০২ (দুই) টি এবং খ গুচ্ছ থেকে ০১ (একটি) করে মোট ০৩ (তিনটি) বিষয় নির্বাচন করতে হবে।<br>ক গুচ্ছ- অর্থনীতি, রাষ্ট্রবিজ্ঞান এবং সমাজবিজ্ঞান/সমাজকর্ম (যে কোন একটি)<br>খ গুচ্ছ- মনোবিজ্ঞান/ ভূগোল ও পরিবেশ/ ইতিহাস/ইসলামের ইতিহাস ও সংস্কৃতি/ ইসলামী শিক্ষা/দর্শন/ গার্হস্থ্য অর্থনীতি/বাংলা(ঐচ্ছিক)/ ইংরেজি(ঐচ্ছিক)/সংস্কৃত/আরবী /পালি/ ড্রামা এন্ড মিডিয়া স্টাডিজ | মানবিক শাখা → ৬০ %<br>বিজ্ঞান শাখা → ২০ %<br>ব্যবসায় শিক্ষা শাখা → ২০ %<br>▶ মেধা তালিকা দেয়ার পরও যদি কোর্সভিত্তিক আসন শূন্য থাকে সেক্ষেত্রে মানবিক, বিজ্ঞান ও ব্যবসায় শিক্ষা শাখার জন্য নির্ধারিত আসন বন্টনের শতকরা হার রহিত করে রিলিজ স্লিপের ফলাফল প্রকাশ করা হবে। |
| গ) বিএসসি (পাস) | ১) স্বাধীন বাংলাদেশের অভ্যুদয়ের ইতিহাস (১ম বর্ষ)<br>২) বাংলা জাতীয় ভাষা (২য় বর্ষ)<br>৩) ইংরেজি (৩য় বর্ষ) | ক গুচ্ছ থেকে ০২ (দুই) টি এবং খ গুচ্ছ থেকে ০১ (একটি) অথবা গ গুচ্ছ থেকে ০২ (দুই) টি ও ঘ গুচ্ছ থেকে ০১ (একটি) করে মোট তিনটি বিষয় নির্বাচন করতে হবে।<br>ক গুচ্ছ- পদার্থবিজ্ঞান ও গণিত<br>খ গুচ্ছ- রসায়ন/ভূগোল ও পরিবেশ/কম্পিউটার সায়েন্স/মনোবিজ্ঞান/পরিসংখ্যান/ মৃত্তিকা বিজ্ঞান/প্রাণ রসায়ন/গার্হস্থ্য অর্থনীতি/ উদ্ভিদবিজ্ঞান /প্রাণীবিজ্ঞান<br>গ গুচ্ছ- উদ্ভিদবিজ্ঞান ও প্রাণীবিজ্ঞান অথবা বেসিক হোম ইকনোমিক্স ও এ্যাপ্লাইড হোম ইকনোমিক্স<br>ঘ গুচ্ছ- রসায়ন/ভূগোল ও পরিবেশ/কম্পিউটার সায়েন্স/মনোবিজ্ঞান/পরিসংখ্যান/ মৃত্তিকা বিজ্ঞান/প্রাণ রসায়ন/গার্হস্থ্য অর্থনীতি/গণিত/পদার্থবিজ্ঞান/ জেনারেল সায়েন্স ফুড এন্ড নিউট্রিশন | বিজ্ঞান শাখা → ১০০% |
| ঘ) বিবিএস (পাস) | ১) স্বাধীন বাংলাদেশের অভ্যুদয়ের ইতিহাস (১ম বর্ষ)<br>২) বাংলা জাতীয় ভাষা (২য় বর্ষ)<br>৩) ইংরেজি (৩য় বর্ষ) | ক গুচ্ছ থেকে ০২ (দুই) টি এবং খ গুচ্ছ থেকে ০১ (এক) টি করে মোট ০৩ (তিনটি) বিষয় নির্বাচন করতে হবে।<br>ক গুচ্ছ- হিসাব বিজ্ঞান ও ব্যবস্থাপনা<br>খ গুচ্ছ- ফিন্যান্স এন্ড ব্যাংকিং/মার্কেটিং/ অর্থনীতি/পরিসংখ্যান/কম্পিউটার সায়েন্স | মানবিক শাখা → ১০%<br>বিজ্ঞান শাখা → ২০%<br>ব্যবসায় শিক্ষা শাখা → ৭০%<br>▶ মেধা তালিকা দেয়ার পরও যদি কোর্সভিত্তিক আসন শূন্য থাকে সেক্ষেত্রে মানবিক, বিজ্ঞান ও ব্যবসায় শিক্ষা শাখার জন্য নির্ধারিত আসন বন্টনের শতকরা হার রহিত করে রিলিজ স্লিপের ফলাফল প্রকাশ করা হবে। |
| ঙ) বি স্পোর্টস (পাস) | ১) স্বাধীন বাংলাদেশের অভ্যুদয়ের ইতিহাস (১ম বর্ষ)<br>২) বাংলা জাতীয় ভাষা (২য় বর্ষ)<br>৩) ইংরেজি (৩য় বর্ষ) | ক গুচ্ছ -বিএ (পাস)/বিএসসি (পাস) কোর্সের নৈর্বাচনিক গুচ্ছ থেকে যে কোন দু'টি বিষয়<br>খ গুচ্ছ - ক্রীড়া বিজ্ঞান- ১ম পত্র-৪র্থ পত্র<br>গ গুচ্ছ - নিম্নের যে কোন একটি বিষয় (৫ম-৬ষ্ঠ পত্র)<br>i) হকি ii) ক্রিকেট iii) ফুটবল iv) সুটিং v) জিমন্যাস্টিক্স vi) বক্সিং vii) টেনিস viii) সাঁতার ix) এ্যাথলেটিক্স x) বাস্কেটবল | ▶ উচ্চ মাধ্যমিক/ সমমান পর্যায়ে বিজ্ঞান, মানবিক ও ব্যবসায় শিক্ষা শাখার জন্য মেধাস্কোরের ভিত্তিতে আসন বণ্টন করা হবে।<br>** উচ্চ মাধ্যমিক/ সমমান পর্যায়ে ঐচ্ছিক বিষয় হিসাবে ক্রীড়া থাকতে হবে। |
| চ) বি মিউজিক (পাস) | ১) স্বাধীন বাংলাদেশের অভ্যুদয়ের ইতিহাস (১ম বর্ষ)<br>২) বাংলা জাতীয় ভাষা (২য় বর্ষ)<br>৩) ইংরেজি (৩য় বর্ষ) | ক গুচ্ছ - দু'টি বিষয় সঙ্গীত (আবশ্যিক)<br>খ গুচ্ছ - নিম্নের যে কোন একটি বিষয়ের ২য়, ৩য় ও ৪র্থ পত্র।<br>i) ইতিহাস ii) অর্থনীতি iii) রাষ্ট্রবিজ্ঞান iv) দর্শন v) সমাজবিজ্ঞান vi) মনোবিজ্ঞান | ▶ উচ্চ মাধ্যমিক/ সমমান পর্যায়ে বিজ্ঞান, মানবিক ও ব্যবসায় শিক্ষা শাখার জন্য মেধাস্কোরের ভিত্তিতে আসন বণ্টন করা হবে।<br>** উচ্চ মাধ্যমিক/ সমমান পর্যায়ে ঐচ্ছিক বিষয় হিসাবে সঙ্গীত থাকতে হবে। |
| ছ) বিশেষায়িত গার্হস্থ্য অর্থনীতি (পাস) | ১) স্বাধীন বাংলাদেশের অভ্যুদয়ের ইতিহাস (১ম বর্ষ)<br>২) বাংলা জাতীয় ভাষা (২য় বর্ষ)<br>৩) ইংরেজি (৩য় বর্ষ) | ৮৪ ক্রেডিট: গার্হস্থ্য অর্থনীতি তত্ত্বীয় ও ব্যবহারিক পত্রসমূহ | ▶ উচ্চ মাধ্যমিক/ সমমান পর্যায়ে বিজ্ঞান, মানবিক ও ব্যবসায় শিক্ষা শাখার জন্য মেধাস্কোরের ভিত্তিতে আসন বণ্টন করা হবে। |

৩। অনলাইনে প্রাথমিক আবেদন ফরম পূরণ ও করণীয়

| ফরম পূরণের ধাপসমূহ | করণীয় |
|---|---|
| লগইন (Login) | আবেদনকারীকে ভর্তি বিষয়ক ওয়েবসাইটের Degree Pass Tab-এ গিয়ে Apply Now (Degree Pass) অপশনে ক্লিক করতে হবে এবং ওয়েবসাইটে প্রদর্শিত তথ্য ছকে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষার রোল নম্বর, রেজিস্ট্রেশন নম্বর, শিক্ষা বোর্ড/বিশ্ববিদ্যালয়, পাসের সন ও একটি নিবন্ধিত মোবাইল নম্বর (নিজের অথবা অভিভাবকের) সঠিকভাবে এন্ট্রি দিতে হবে। উল্লেখ্য যে, জাতীয় বিশ্ববিদ্যালয়ের পক্ষ থেকে ভবিষ্যতে শিক্ষার্থীকে শিক্ষা সহায়ক সকল তথ্য প্রদানের ক্ষেত্রে এই মোবাইল নম্বরটি ব্যবহার করা হবে। |
| সঠিক লিঙ্গ (Gender) নির্ধারণ | ডাটাবেজে সংরক্ষিত তথ্য অনুযায়ী আবেদনকারীর তথ্য ছকে Male এর স্থলে Female অথবা Female এর স্থলে Male প্রদর্শিত হলে Click to Change অপশনে গিয়ে সঠিক Gender এন্ট্রি দিতে হবে। উল্লেখ্য যে, ইচ্ছাকৃত অথবা Gender ত্রুটির কারণে কোন পুরুষ আবেদনকারী কোন মহিলা কলেজে আবেদন করলে তার আবেদন/ভর্তি বাতিল বলে গণ্য হবে। |
| কলেজ নির্বাচন ও কোর্স পছন্দক্রম নির্ধারণ | আবেদনকারী তার পছন্দ অনুযায়ী বিভাগ ও জেলাভিত্তিক যে কোন কলেজের নাম Select করলে সংশ্লিষ্ট কলেজে ১ম বর্ষ স্নাতক (পাস) প্রোগ্রামে অধিভুক্ত কোর্সসমূহের নাম ও আসন সংখ্যা দেখতে পাবে। আবেদনকারী তথ্য ছক থেকে পছন্দ অনুযায়ী একটি কলেজ Select করলে সংশ্লিষ্ট কলেজে তার ভর্তি যোগ্য (Eligible) কোর্সের তালিকা দেখতে পাবে এবং এই তালিকা থেকে আবেদনকারীকে সর্তকতার সঙ্গে তার প্রার্থিত কোর্সের পছন্দক্রম নির্ধারণ করতে হবে। উল্লেখ্য যে, আবেদনকারীর পছন্দক্রম অনুসারে মেধার ভিত্তিতে কোর্স বরাদ্দ দেয়া হবে। |
| কোটায় আবেদন | মুক্তিযোদ্ধার সন্তান, ক্ষুদ্র নৃগোষ্ঠী, বিশেষ চাহিদা সম্পন্ন/ভিন্নভাবে সক্ষম অথবা পোষ্য কোটায় ভর্তি হতে ইচ্ছুক আবেদনকারীকে তথ্য ছকের নির্দিষ্ট স্থানে তার জন্য প্রযোজ্য কোটা Select করতে হবে। এখানে উল্লেখ্য যে, পোষ্য কোটায় শুধুমাত্র জাতীয় বিশ্ববিদ্যালয়ে কর্মরত শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের সন্তান/সন্তানাদি আবেদন করতে পারবে। কোটায় আবেদনের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের ইস্যুকৃত মূল সনদপত্র থাকতে হবে। একজন আবেদনকারী এক বা একাধিক কোটায় যোগ্য হলে সেক্ষেত্রে কোটার পছন্দক্রম নির্ধারণ করে দিতে হবে। কোটার জন্য সংরক্ষিত আসন কোর্সভিত্তিক বরাদ্দকৃত আসনের অতিরিক্ত হিসাবে বিবেচিত হবে। উল্লেখ্য যে, কোটায় আবেদনকারী কোন শিক্ষার্থী মেধা তালিকায় স্থান পেয়ে ভর্তি হলে ঐ শিক্ষার্থীকে কোটার মেধা তালিকায় অর্ন্তভুক্ত করা হবে না। |
| ছবি সংযোজন | প্রাথমিক আবেদন ফরম পূরণের সময় আবেদনকারীর সম্প্রতি তোলা পাসপোর্ট আকারের রঙ্গিন ছবি Scan করে আপলোড করতে হবে। ছবির মাপ হবে 120×150 pixels, Image Type: jpg এবং maximum file size:50kb. আবেদনকারীর ছবি ব্যতীত অন্য কোন ছবি প্রাথমিক আবেদন ফরমে আপলোড করা হলে ঐ আবেদনকারীর ভর্তি ও রেজিস্ট্রেশন বাতিল বলে গণ্য হবে। |
| ফরম চূড়ান্তকরণ | আবেদনকারীকে সঠিক ছবি ও তথ্যসহ ছক পূরণ করে Submit Application অপশনে ক্লিক করতে হবে। এ পর্যায়ে আবেদনকারীর রোল নম্বও Application ID ও পিন ওয়েবসাইটে প্রদর্শিত হবে এবং আবেদনকারীকে ফরমটি ডাউনলোড করে [A4 (8.5"×11") অফসেট সাদা কাগজে] প্রিন্ট/pdf কপি সংগ্রহ করতে হবে। |
| আবেদন ফরম বাতিলকরণ/ত্রুটিপূর্ণ ছবি পরিবর্তন | আবেদনকারীকে তার প্রাথমিক আবেদন ফরমে প্রদর্শিত সকল তথ্য ও ছবি সঠিক আছে কিনা তা পুঙ্খানুপুঙ্খভাবে যাচাই করে নিতে হবে। আবেদন ফরমে তথ্যগত অমিল বা ত্রুটিপূর্ণ ছবি থাকলে তা সংশোধন করতে হবে। আবেদন ফরম সংশোধনের জন্য আবেদনকারীকে Applicant Login অপশনে Degree Pass Login লিংকে গিয়ে আবেদন ফরমের Application ID ও পিন এন্ট্রি দিতে হবে। এ পর্যায়ে আবেদনকারী Form Cancel/Photo Change Option লিংকে গিয়ে Click to Generate the Security Key অপশনটি ক্লিক করলে তার আবেদন ফরমে উল্লিখিত ব্যক্তিগত মোবাইল নম্বরে SMS এর মাধ্যমে One Time Password (OTP) দেয়া হবে। এই OTP এন্ট্রি দিয়ে আবেদনকারী তার আবেদন ফরমটি বাতিলপূর্বক নতুন করে আবেদন ফরম পূরণ ও সঠিক ছবি আপলোড করতে পারবে। উল্লেখ্য যে, আবেদনকারী শুধুমাত্র একবারই ফরম বাতিলের সুযোগ পাবে। কলেজ কর্তৃক প্রাথমিক আবেদন ফরম নিশ্চয়ন করা হলে ঐ আবেদনকারী আর ফরম বাতিল করতে পারবে না। |
| সংশ্লিষ্ট কলেজে প্রাথমিক আবেদন ফরম ও ফি জমাদান | আবেদনকারীকে প্রিন্ট করা প্রাথমিক আবেদন ফরমের নির্ধারিত স্থানে তারিখসহ স্বাক্ষর করতে হবে। আবেদনকারী কর্তৃক স্বাক্ষরিত এই আবেদন ফরম ও প্রাথমিক আবেদন ফি বাবদ ৪০০/- (চারশত) টাকা সংশ্লিষ্ট কলেজে (কলেজ কর্তৃক নির্ধারিত মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে অথবা সরাসরি) যথাসময়ে জমা দিতে হবে। সংশ্লিষ্ট কলেজ যে সকল আবেদনকারীর প্রাথমিক আবেদন ফরম অনলাইনে নিশ্চয়ন করবে, সে সকল আবেদনকারীকে SMS এর মাধ্যমে তা জানিয়ে দেয়া হবে। কলেজে আবেদন পত্র জমা দেয়ার পরে আবেদনকারী তার মোবাইল ফোনে SMS না পেলে বুঝতে হবে যে, তার আবেদন ফরম সংশ্লিষ্ট কলেজ কর্তৃক নিশ্চয়ন করা হয়নি। এক্ষেত্রে আবেদনকারীকে সংশ্লিষ্ট কলেজে নির্ধারিত সময়ের মধ্যে যোগাযোগ করতে হবে। কলেজ কর্তৃক প্রাথমিক আবেদন অনলাইনে নিশ্চয়ন ব্যতীত কোন আবেদনকারীর মেধা তালিকা প্রণয়ন করা হবে না। |

৪। মুক্তিযোদ্ধার সন্তান, ক্ষুদ্র নৃগোষ্ঠী ও বিশেষ চাহিদা সম্পন্ন/ভিন্নভাবে সক্ষম (*সমাজসেবা অধিদপ্তর কর্তৃক স্বীকৃত হতে হবে*) কোটা সম্পর্কিত তথ্য ও সংরক্ষিত আসন

| কোটার প্রকৃতি | সংশ্লিষ্ট কলেজে অধিভুক্ত একটি কোর্সে সর্বোচ্চ ০৫ (পাঁচ) টি আসন কোটার জন্য সংরক্ষিত থাকবে। (কোর্সভিত্তিক আসন বণ্টন) | কোটার কোর্সভিত্তিক সর্বোচ্চ ০৫ (পাঁচ) টি আসনের শর্তপূরণ সাপেক্ষে একটি কলেজে কোটার আসন সর্বমোট ২৫ (পঁচিশ) টির অধিক হবে না। (কলেজভিত্তিক আসন বণ্টন) | কোটায় আবেদন করার শর্ত |
|---|---|---|---|
| মুক্তিযোদ্ধার সন্তান | ০৩ টি | ১৫ টি | সংশ্লিষ্ট কোটার ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের ইস্যুকৃত মূল সনদ পত্র থাকতে হবে। |
| ক্ষুদ্র নৃগোষ্ঠী | ০১ টি | ০৭ টি | |
| বিশেষ চাহিদা সম্পন্ন/ভিন্নভাবে সক্ষম | ০১ টি | ০৩ টি | |
| মোট | ০৫ টি | ২৫ টি | |

উল্লেখ্য যে, কোটার জন্য সংরক্ষিত আসন কোর্সভিত্তিক বরাদ্দকৃত আসনের অতিরিক্ত হিসাবে বিবেচিত হবে।

৫। পোষ্য (Ward) কোটায় আবেদন

২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (পাস) ভর্তি কার্যক্রমে শুধুমাত্র জাতীয় বিশ্ববিদ্যালয়ে কর্মরত শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের সন্তান/সন্তানাদি পোষ্য কোটায় আবেদন করতে পারবে। এক্ষেত্রে আবেদনকারীকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার দফতর থেকে পোষ্য কোটার প্রত্যয়ন পত্র সংগ্রহ করতে হবে। পোষ্য কোটায় আবেদনের জন্য আবেদনকারীকে ভর্তি নির্দেশিকার সকল শর্ত পূরণ করতে হবে। একটি কলেজে সর্বোচ্চ ০৩ (তিন) জন আবেদনকারী মেধার ভিত্তিতে পোষ্য কোটায় ভর্তি হতে পারবে এবং এ আসন অতিরিক্ত হিসাবে বিবেচিত হবে।

৬। ফলাফল ও মেধা তালিকা প্রণয়ন পদ্ধতি

ক) আবেদনকারীদের SSC ও HSC পরীক্ষায় প্রাপ্ত জিপিএ এর ভিত্তিতে প্রতিটি কলেজের জন্য আলাদাভাবে মেধা তালিকা প্রণয়ন করে ১ম বর্ষ স্নাতক (পাস) প্রোগ্রামে কোর্স বরাদ্দ দেয়া হবে।

খ) একই প্রতিষ্ঠান/কলেজে একই কোর্সে দুই বা ততোধিক আবেদনকারীর মেধাক্রম এক হলে সেক্ষেত্রে পর্যায়ক্রমে এ সকল আবেদনকারীর i) ৪র্থ বিষয়সহ SSC ও HSC পরীক্ষায় প্রাপ্ত জিপিএ এর যথাক্রমে ৪০% ও ৬০% ii) প্রয়োজন হলে ৪র্থ বিষয়সহ SSC ও HSC পরীক্ষায় প্রাপ্ত মোট নম্বরের যথাক্রমে ৪০% ও ৬০% নিয়ে মেধাক্রম প্রণয়ন করা হবে iii) এর পরেও যদি দুই বা ততোধিক আবেদনকারীর মেধাক্রম এক হয়, সেক্ষেত্রে যার বয়স কম হবে তাকে অগ্রাধিকার দিয়ে মেধাক্রম প্রণয়ন করা হবে।

গ) এ ভর্তি কার্যক্রম পর্যায়ক্রমে ১ম মেধা তালিকা, ২য় মেধা তালিকা, কোটার মেধা তালিকা এবং ১ম ও ২য় রিলিজ স্লিপের মেধা তালিকার মাধ্যমে সম্পন্ন করা হবে। উল্লেখ্য যে, এ ভর্তি কার্যক্রমে ৩য় রিলিজ স্লিপে আবেদন করার কোন সুযোগ থাকবে না।

ঘ) সংশ্লিষ্ট কলেজ User ID, Password ও OTP ব্যবহার করে কোর্সভিত্তিক মেধা তালিকা দেখতে পারবে। আবেদনকারীরা ভর্তি বিষয়ক ওয়েবসাইট (www.nu.ac.bd/admissions) এবং SMS (nu<space>atdg<space>roll no. টাইপ করে 16222 নম্বরে send করতে হবে) এর মাধ্যমে অথবা কলেজ থেকেও মেধা তালিকার ফলাফল জানতে পারবে।

৭। ১ম বর্ষ স্নাতক (পাস) ভর্তি কার্যক্রমে মেধাক্রম প্রণয়ন পদ্ধতি

ধাপ-ক

| রোল নং | SSC জিপিএ | HSC জিপিএ | মোট= SSC জিপিএ (৪০%) + HSC জিপিএ (৬০%) (৪র্থ বিষয়সহ) | মেধাক্রম |
|---|---|---|---|---|
| 111 | 5 | 5 | 2 + 3 =5 | 1 |
| 112 | 5 | 4.8 | 2 + 2.88 =4.88 | 2 |

ধাপ-খ

| রোল নং | SSC জিপিএ | HSC জিপিএ | মোট= SSC জিপিএ (৪০%) + HSC জিপিএ (৬০%) (৪র্থ বিষয়সহ) | SSC প্রাপ্ত নম্বর | HSC প্রাপ্ত নম্বর | মোট= SSC তে প্রাপ্ত নম্বরের এর ৪০% + HSC তে প্রাপ্ত নম্বরের ৬০% (৪র্থ বিষয়সহ) | মেধাক্রম |
|---|---|---|---|---|---|---|---|
| 111 | 5 | 5 | 2 + 3 =5 | 820 | 860 | 328 + 516 =844 | 1 |
| 112 | 5 | 5 | 2 + 3 =5 | 820 | 810 | 328 +486 =814 | 2 |

ধাপ-গ

| রোল নং | SSC জিপিএ | HSC জিপিএ | মোট= SSC জিপিএ (৪০%) + HSC জিপিএ (৬০%) (৪র্থ বিষয়সহ) | SSC প্রাপ্ত নম্বর | HSC প্রাপ্ত নম্বর | মোট= SSC তে প্রাপ্ত নম্বরের ৪০%+ HSC তে প্রাপ্ত নম্বরের ৬০% (৪র্থ বিষয়সহ) | আবেদনকারীর বয়স | মেধাক্রম |
|---|---|---|---|---|---|---|---|---|
| 111 | 5 | 5 | 2 + 3 =5 | 820 | 860 | 328 + 516 =844 | 18 Y | 1 |
| 112 | 5 | 5 | 2 + 3 =5 | 820 | 860 | 328 + 516 =844 | 18 Y 2 M | 2 |

৮। মেধা তালিকায় স্থানপ্রাপ্ত শিক্ষার্থীদের ভর্তি সম্পর্কিত করণীয়

| ফরম পূরণের ধাপসমূহ | করণীয় |
|---|---|
| লগইন (Login) | ১ম/২য়/কোটা/রিলিজ স্লিপের মেধা তালিকায় স্থানপ্রাপ্ত শিক্ষার্থীকে ভর্তি বিষয়ক ওয়েবসাইটের Applicant Login অপশনে Degree Pass Login লিংকে গিয়ে আবেদন ফরমের Application ID ও পিন এন্ট্রি দিতে হবে।। এক্ষেত্রে আবেদনকারীর নাম, বরাদ্দকৃত কোর্স, কলেজের নাম ও অন্যান্য তথ্যসহ চূড়ান্ত ভর্তি ফরম ওয়েবসাইটে প্রদর্শিত হবে। |
| কোর্স পরিবর্তনের আবেদন | মেধা তালিকায় স্থানপ্রাপ্ত কোন শিক্ষার্থী তার কোর্স পরিবর্তন করতে চাইলে আবেদন ফরমে কোর্স পরিবর্তনের নির্দিষ্ট ঘরে Yes অপশনটি সিলেক্ট করতে হবে। উল্লেখ্য যে, কোটা অথবা রিলিজ স্লিপের মেধা তালিকায় স্থানপ্রাপ্ত শিক্ষার্থীদের কোর্স পরিবর্তনের কোন সুযোগ থাকবে না। |
| চূড়ান্ত ভর্তি ফরমের প্রিন্ট/pdf কপি সংগ্রহ | সঠিক তথ্যসহ আবেদন ফরমটি Submit Application অপশনে ক্লিক করলে চূড়ান্ত ভর্তি ফরম ওয়েবসাইটে প্রদর্শিত হবে। ফরমটি ডাউনলোড করে দুই কপি A4 (8.5”×11”) অফসেট কাগজে প্রিন্ট/pdf কপি সংগ্রহ করতে হবে। পরবর্তীতে Application ID ও পিন কোড দিয়ে একাধিকবার ফরমটি ডাউনলোড করে প্রিন্ট নেয়া যাবে। |

| | |
|---|---|
| সংশ্লিষ্ট কলেজে চূড়ান্ত ভর্তি ফরম ও রেজিস্ট্রেশন ফি জমাদান | আবেদনকারীকে প্রিন্ট করা চূড়ান্ত ভর্তি ফরমের নির্ধারিত স্থানে তারিখসহ স্বাক্ষর করতে হবে। আবেদনকারী কর্তৃক স্বাক্ষরিত এই ভর্তি ফরম ও রেজিস্ট্রেশন ফি বাবদ ৭২০/- (সাতশত বিশ) টাকা সংশ্লিষ্ট কলেজে (কলেজ কর্তৃক নির্ধারিত মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে অথবা সরাসরি) যথাসময়ে জমা দিতে হবে। |
| কোর্স পরিবর্তনের ফলাফল ও করণীয় | সংশ্লিষ্ট কলেজে কোর্সভিত্তিক আসন শূন্য থাকা সাপেক্ষে ও মেধা স্কোরের ভিত্তিতে আবেদনকারীকে তার পছন্দক্রম অনুযায়ী কোর্স পরিবর্তন করে দেয়া হবে এবং ভর্তি বিষয়ক ওয়েবসাইট ও SMS এর মাধ্যমে তা শিক্ষার্থীকে জানানো হবে। শিক্ষার্থীর কোর্স পরিবর্তন হলে ওয়েবসাইট থেকে একই প্রক্রিয়ায় কোর্স পরিবর্তনের ভর্তি ফরম সংগ্রহ করতে হবে। উল্লেখ্য যে, কোন শিক্ষার্থীর কোর্স পরিবর্তন হলে তার পূর্বের কোর্সে ভর্তি বাতিল হয়ে যাবে এবং পরিবর্তীত কোর্সে তার ভর্তি নিশ্চিত হবে। তবে কোন শিক্ষার্থীর কোর্স পরিবর্তন না হলে তার পূর্বের কোর্সে ভর্তি বহাল থাকবে। উল্লেখ্য যে, কোটা ও রিলিজ স্লিপের মেধা তালিকায় শিক্ষার্থীদের কোর্স পরিবর্তনের কোন সুযোগ থাকবে না।<br>► কোর্স পরিবর্তনের ক্ষেত্রে শিক্ষার্থীকে কোন ফি প্রদান করতে হবে না। |
| কোটার ফলাফল | রিলিজ স্লিপের ফরম পূরণের পূর্বে কোটার মেধা তালিকা প্রকাশ করা হবে। উল্লেখ্য যে, কোটায় আবেদনকারী কোন শিক্ষার্থী মেধা তালিকায় স্থান পেয়ে ভর্তি হলে ঐ শিক্ষার্থীকে কোটার মেধা তালিকায় অর্ন্তভুক্ত করা হবে না। |

৯। দ্বৈত ভর্তি বাতিল সম্পর্কিত জ্ঞাতব্য

২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (পাস) ভর্তি কার্যক্রমের মেধা তালিকায় স্থানপ্রাপ্ত কোন শিক্ষার্থী ২০২২-২০২৩ অথবা ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান), স্নাতক (সম্মান) প্রফেশনাল ও স্নাতক (পাস) নিয়মিত/প্রাইভেট প্রোগ্রামে ভর্তি হয়ে রেজিস্ট্রেশন কার্ড প্রাপ্ত হলে তাকে অবশ্যই পূর্ববর্তী শিক্ষাবর্ষের ভর্তি বাতিল করে এ শিক্ষা কার্যক্রমে ভর্তি হতে হবে। উক্ত শর্ত ভঙ্গ করে কোন শিক্ষার্থী দ্বৈত ভর্তি হলে ঐ শিক্ষার্থীর উভয় ভর্তি ও রেজিস্ট্রেশন বাতিল বলে গণ্য হবে। উল্লেখ্য যে, ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে স্নাতক (পাস) ভর্তি কার্যক্রম চলমান থাকা অবস্থায় কোন শিক্ষার্থী উক্ত শিক্ষাবর্ষের ভর্তি বাতিল করলে তা পুনঃবহাল করার সুযোগ থাকবে না।

১০। রিলিজ স্লিপে আবেদন করার শর্তাবলী ও ফরম পূরণ সম্পর্কিত করণীয়

যে সকল আবেদনকারী মেধা তালিকায় স্থান পাবে না অথবা মেধা তালিকায় ভর্তি হয়ে পরবর্তীতে ভর্তি বাতিল করবে অথবা মেধা তালিকায় স্থান পেয়েও বরাদ্দকৃত কোর্সে ভর্তি হবে না, সে সকল আবেদনকারী কোর্সভিত্তিক শূন্য আসন সাপেক্ষে পাঁচটি কলেজে আলাদাভাবে কোর্স পছন্দক্রম নির্ধারণ করে রিলিজ স্লিপের জন্য আবেদন করতে পারবে। কলেজ কর্তৃপক্ষ যে সকল আবেদনকারীর প্রাথমিক আবেদন অনলাইনে নিশ্চয়ন করবে না, সে সকল আবেদনকারী রিলিজ স্লিপে আবেদন করতে পারবে না।

| রিলিজ স্লিপের ধাপসমূহ | করণীয় |
|---|---|
| লগইন<br>**(Login)** | আবেদনকারীকে রিলিজ স্লিপে আবেদনের জন্য ভর্তি বিষয়ক ওয়েবসাইটের **Applicant Login** অপশনে **Degree Pass Login** লিংকে গিয়ে আবেদন ফরমের **Application ID** ও পিন এন্ট্রি দিতে হবে। এক্ষেত্রে আবেদনকারীর নাম ও অন্যান্য তথ্যসহ রিলিজ স্লিপের আবেদন ফরম ওয়েবসাইটে প্রদর্শিত হবে। |
| কলেজ ও কোর্স পছন্দক্রম নির্ধারণ | রিলিজ স্লিপে আবেদনের জন্য **College Selection Option** এ গিয়ে আবেদনকারী তার পছন্দ অনুযায়ী কলেজ **Select** করলে ঐ কলেজে কোর্সভিত্তিক শূন্য আসনের তালিকা ও তার **Eligible** কোর্সের তালিকা দেখতে পাবে। এ পর্যায়ে আবেদনকারী তার **Eligible** কোর্সের তালিকা থেকে নতুন করে পছন্দক্রম নির্ধারণ করে এন্ট্রি দিবে। এভাবে একজন আবেদনকারী তার পছন্দ অনুযায়ী মোট পাঁচটি কলেজে পর্যায়ক্রমে কোর্স পছন্দক্রম নির্ধারণ করে রিলিজ স্লিপের আবেদন ফরম পূরণ করবে। |
| আবেদন ফরম চূড়ান্তকরণ | সঠিক তথ্যসহকারে ফরম পূরণ করে **Submit Application** অপশনে ক্লিক করলে আবেদনকারী তার নাম, রোল নম্বর, কলেজের নাম ও কোর্স পছন্দক্রমসহ রিলিজ স্লিপের আবেদন ফরম ওয়েবসাইটে দেখতে পাবে। উক্ত ফরমটি **Download** করে **A4 (8.5"×11")** অফসেট সাদা কাগজে প্রিন্ট (**Print**) নিতে হবে তবে এটি আবেদন ফরমে উল্লিখিত কলেজসমূহে জমা দিতে হবে না অথবা কোন ফি প্রদান করতে হবে না। |
| রিলিজ স্লিপের আবেদন ফরম বাতিলকরণ | রিলিজ স্লিপের আবেদন ফরম চূড়ান্তকরণের পরে কোন আবেদনকারী তার আবেদন ফরমে কলেজ/কোর্সের পছন্দক্রম পরিবর্তন করতে ইচ্ছুক হলে তাকে **Applicant Login** অপশনে গিয়ে প্রাথমিক আবেদন ফরমের **Application ID** ও পিন এন্ট্রি দিতে হবে। এ পর্যায়ে **Cancel Release Slip** অপশনে গিয়ে **Click to Generate the Security Key** ক্লিক করলে আবেদনকারীকে তার আবেদন ফরমে উল্লিখিত ব্যক্তিগত মোবাইল নম্বরে **SMS** এর মাধ্যমে **One Time Password (OTP)** দেয়া হবে। এই **OTP** এন্ট্রি দিয়ে আবেদনকারী তার আবেদন ফরমটি বাতিলপূর্বক নতুন করে রিলিজ স্লিপের আবেদন ফরম পূরণ করতে পারবে। আবেদনকারী এ সুযোগ কেবল একবারই পাবে। |
| রিলিজ স্লিপের ফলাফল | রিলিজ স্লিপের ফলাফল নির্ধারিত সময়ে বিজ্ঞপ্তির মাধ্যমে প্রকাশ করা হবে। রিলিজ স্লিপের মেধা তালিকায় স্থানপ্রাপ্ত শিক্ষার্থীদের কোর্স পরিবর্তনের কোন সুযোগ থাকবে না। |
| সংশ্লিষ্ট কলেজে রিলিজ স্লিপের ভর্তি ফরম ও রেজিস্ট্রেশন ফি জমাদান | আবেদনকারীকে রিলিজ স্লিপের মাধ্যমে তার নির্বাচিত কলেজে কোর্স বরাদ্দ পেলে ভর্তি বিষয়ক ওয়েবসাইটের **Applicant's Login** অপশনে গিয়ে ভর্তি ফরম পূরণ করে এর প্রিন্ট/**pdf** কপি সংগ্রহ করতে হবে। আবেদনকারী কর্তৃক স্বাক্ষরিত এই ভর্তি ফরম ও রেজিস্ট্রেশন ফি বাবদ ৭২০/- (সাতশত বিশ) টাকা সংশ্লিষ্ট কলেজে (কলেজ কর্তৃক নির্ধারিত মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে অথবা সরাসরি) যথাসময়ে জমা দিতে হবে। |

১১। কলেজ কর্তৃপক্ষের করণীয় বিষয়সমূহ

| ধাপসমূহ | করণীয় |
|---|---|
| কলেজ লগইন<br>**(College Login)** | কলেজকে ভর্তি কার্যক্রম পরিচালনার লক্ষ্যে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইটের **College (undergraduate) Login** অপশনে গিয়ে তাদের জন্য বরাদ্দকৃত **User ID** ও **Password** এন্ট্রি দিতে হবে। প্রাথমিক আবেদন ফরম/চূড়ান্ত ভর্তি নিশ্চয়নের সময় **Click to Generate the Security Key** অপশনে ক্লিক করলে সংশ্লিষ্ট কলেজ কর্তৃক প্রদত্ত মোবাইল নম্বরে **SMS** এর মাধ্যমে **One Time Password (OTP)** দেয়া হবে। এই **OTP** ব্যবহার করে সংশ্লিষ্ট কলেজ আবেদনকারীদের প্রাথমিক আবেদন ফরম/চূড়ান্ত ভর্তি নিশ্চয়ন করতে পারবে। ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (পাস) ভর্তি কার্যক্রমে সংশ্লিষ্ট কলেজসমূহে ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে বরাদ্দকৃত **User ID, Password** ও **One Time Password (OTP)** এর জন্য প্রদত্ত মোবাইল নম্বর বহাল থাকবে। |

| | |
|---|---|
| আবেদন ফরম ও ফি সংগ্রহ | প্রতিটি কলেজ তাদের নিজস্ব তত্ত্বাবধানে নির্ধারিত মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে অথবা সরাসরি আবেদনকারীদের অনলাইন আবেদন ফরমসহ প্রাথমিক আবেদন ফি ও চূড়ান্ত ভর্তির রেজিস্ট্রেশন ফি গ্রহণ করবেন। এ লক্ষ্যে সংশ্লিষ্ট কলেজ তাদের নিজস্ব ওয়েবসাইট ও নোটিশ বোর্ডে শিক্ষার্থীদের নির্দেশনা প্রদান করবেন। |
| প্রাথমিক ও চূড়ান্ত ভর্তির আবেদন ফরম নিশ্চয়ন | নির্ধারিত সময়ের মধ্যে সংশ্লিষ্ট কলেজকে সকল আবেদনকারীর প্রাথমিক ও চূড়ান্ত ভর্তির আবেদন ফরম অনলাইনে নিশ্চয়ন নিশ্চিত করতে হবে। কলেজ কর্তৃক কোন শিক্ষার্থীর প্রাথমিক/চূড়ান্ত ভর্তির আবেদন ফরম অনলাইনে নিশ্চয়ন করা না হলে ঐ শিক্ষার্থী ভর্তি যোগ্য বলে বিবেচিত হবে না। |

১২। ১ম বর্ষ স্নাতক (পাস) কোর্সসমূহে জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক নির্ধারিত ফিসের হার

ক) প্রাথমিক আবেদন ফি

| | |
|---|---|
| আবেদনকারী প্রতি প্রাথমিক আবেদন ফি | = ৪০০/- (চারশত) টাকা<br>[জাতীয় বিশ্ববিদ্যালয়ের অংশ ২৫০/-(দুইশত পঞ্চাশ) টাকা ও কলেজের অংশ ১৫০/-(একশত পঞ্চাশ) টাকা] |

খ) রেজিস্ট্রেশন ফি

| | |
|---|---|
| i) শিক্ষার্থী প্রতি রেজিস্ট্রেশন ফি | = ৬৫০/- (ছয়শত পঞ্চাশ) টাকা |
| ii) শিক্ষার্থী প্রতি ক্রীড়া ও সংস্কৃতি ফি | = ৫০/- (পঞ্চাশ) টাকা |
| iii) শিক্ষার্থী প্রতি বিএনসিসি ফি | = ১০/- (দশ) টাকা |
| iv) শিক্ষার্থী প্রতি রোভার স্কাউট ফি | = ১০/- (দশ) টাকা |
| মোট | = ৭২০/- (সাতশত বিশ) টাকা |
| v) শিক্ষার্থী প্রতি ভর্তি বাতিল ফি<br>vi) শিক্ষার্থী প্রতি ভর্তি পুন:বহাল ফি | = ৪০০/- (চারশত) টাকা<br>= ৪০০/- (চারশত) টাকা |

গ) কলেজকে আবেদনকারীদের প্রাথমিক আবেদন ফি'র জাতীয় বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত অংশ [আবেদনকারী প্রতি ২৫০/-(দুইশত পঞ্চাশ) টাকা হারে] যে কোন সোনালী ব্যাংক শাখায় জমা দিতে হবে। এ লক্ষ্যে সংশ্লিষ্ট কলেজকে **Login** এর মাধ্যমে **Application Payment Info (Degree Pass)** অপশনে ক্লিক করে **Pay Slip** ডাউনলোড করতে হবে। **Pay Slip** এ ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে স্নাতক (পাস) ভর্তি ফান্ডের সঞ্চয়ী হিসাব নম্বর- **0218100003245** উল্লেখপূর্বক মোট টাকার অংক লেখা থাকবে এবং এর প্রিন্ট কপি নিয়ে নিকটস্থ 'সোনালী ব্যাংক' এর যে কোন শাখায় ফি জমা দিয়ে রশিদ সংগ্রহ করতে হবে।

ঘ) সংশ্লিষ্ট কলেজকে ভর্তিকৃত শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন ফি'র জাতীয় বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত অংশ [শিক্ষার্থী প্রতি ৭২০/- (সাতশত বিশ) টাকা হারে] যে কোন সোনালী ব্যাংক শাখায় জমা দিতে হবে। এ লক্ষ্যে কলেজকে **Login** এর মাধ্যমে **Admission Payment Info (Degree Pass)** অপশনে ক্লিক করে **Pay Slip** ডাউনলোড করতে হবে। **Pay Slip** এ ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে স্নাতক (পাস) "রেজিস্ট্রেশন ফি" খাতের সঞ্চয়ী হিসাব নম্বর- **0218100000134** উল্লেখপূর্বক মোট টাকার অংক লেখা থাকবে এবং এর প্রিন্ট কপি নিয়ে নিকটস্থ 'সোনালী ব্যাংক' এর যে কোন শাখায় ফি জমা দিয়ে রশিদ সংগ্রহ করতে হবে।

১৩। এই ভর্তি কার্যক্রমের যে কোন নিয়মাবলী/ধারা/উপধারা সংশোধন, সংযোজন, বিয়োজন, পরিবর্তন বা বাতিল করার অধিকার জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

১৪.০৯.২০২৫

(ড. মো. আশেক কবির চৌধুরী)
ডিন (ভারপ্রাপ্ত)
স্নাতকপূর্ব শিক্ষা বিষয়ক স্কুল
জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৪
ফোন : ০২-৯৯৬৬৯১৫৬৮
ইমেইল: *degpassnu@gmail.com*

© *কপি-রাইট: জাতীয় বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ*